

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

গত ২৯/০৭/২০১৯ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে “ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর-নারিশাবাজার-মোকছেদপুর পর্যন্ত পদ্মা নদীর ডেজিং ও বামতীর সংরক্ষণ প্রকল্প” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সচিব
সভার তারিখ	২৯ জুলাই ২০১৯।
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভা কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং প্রকল্প পরিচালককে প্রকল্পের অগ্রগতির বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জনাব আব্দুল মতিন সরকার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপাউবো এ প্রকল্পের অগ্রগতি ও সমস্যা সম্পর্কে বিস্তারিত বিবরণ দেন।


ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	প্রকল্পের অগ্রগতি ও সমস্যা নিয়ে আলোচনা	প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের আওতায় 24.00 কিঃমিঃ ডেজিং কাজ এবং 6.00 কিঃমিঃ নদী তীর প্রতিরক্ষামূলক কাজ অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের মূল উদ্দেশ্য নদীকে ৫/৬ কিঃমিঃ এর মধ্যে সীমাবদ্ধ রেখে ১টি চ্যানেলে প্রবাহিত করা এবং ডেজড মেটেরিয়াল নদীর দুপাড়ে ফেলে ২৫ বর্গ কিঃমিঃ (২৫০০ হেক্টর) ভূমি পুনরুদ্ধার করা। তৎপক্ষে নদীর বামতীরে ৫টি গ্রোয়েন এবং ডানতীরে ৩টি গ্রোয়েন তৈরীর প্রাথমিকভাবে পরিকল্পনা রয়েছে। ডেজিং কাজের এ্যালাইনমেন্ট, গ্রোয়েনসমূহের অবস্থান ও ডিজাইন বিস্তারিত স্টাডির মাধ্যমে নির্ধারণ করা হবে। স্টিয়ারিং কমিটির ১ম সভায় সচিব মহোদয় নেদারল্যান্ড এর পরামর্শক প্রতিষ্ঠান Delta Ridge-এর সহায়তা নিয়ে IWM এর মাধ্যমে সমীক্ষা পরিচালনা করার বিষয়ে মতামত প্রদান করেন। বর্তমানে প্রকল্পের অনুমোদিত প্রতিরক্ষা কাজের ৬ কিঃমিঃ এলাকার বাহিরে মৈনটঘাট নামক স্থানে প্রায় ৩ কিঃমিঃ দৈর্ঘ্যে ব্যাপক ভাঙ্গন দেখা দিয়েছে। উক্ত এলাকা রক্ষা করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারী শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান এমপি কর্তৃক পানি সম্পদ মন্ত্রণালয়ের	ক) মৈনটঘাট এলাকায় অস্থায়ী তীর প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়নের জন্য একটি Technical Committee গঠন করতে হবে। খ) কারিগরি কমিটি আগামী ৭ দিনের মধ্যে কারিগরি প্রতিবেদন প্রদান করবে। উক্ত প্রতিবেদনের উপর ভিত্তি করে প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে। এ বিষয়ে বিস্তারিত জানিয়ে পরিকল্পনা কমিশনে পত্র দিতে হবে। গ) ডিপিপিতে অন্তর্ভুক্ত ৬ কিঃমিঃ তীর প্রতিরক্ষামূলক কাজের সিসি ব্লক তৈরি করতে	বাপাউবো ও প্রকল্প পরিচালক। বাপাউবো প্রকল্প পরিচালক ও যুগ্মপ্রধান, পাসম। বাপাউবো ও প্রকল্প পরিচালক।

উপমন্ত্রী মহোদয় বরাবর ডিও লেটার প্রদান করলে উপমন্ত্রী মহোদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় নির্দেশনা প্রদান করেন। সচিব মহোদয় সরাসরি টেলিফোনে ইএনসি, বাংলাদেশ সেনাবাহিনীকে কাজ বাস্তবায়নের প্রস্তুতি গ্রহণের জন্য সদয় নির্দেশনা প্রদান করেছেন। তদানুযায়ী ডাম্পিংপূর্বক এলাকাটি রক্ষার জন্য বাংলাদেশ সেনাবাহিনী প্রস্তুতি গ্রহণ করেছে। তিনি আরও উল্লেখ করেন যে, এই প্রকল্পের অন্তর্ভুক্ত ৬.০ কিঃমিঃ নদী তীর প্রতিরক্ষামূলক কাজের মধ্যে অধিক ভাঙন প্রবণ ৩.৫০০ কিঃমিঃ

Precautionary প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করা হয়েছে। স্পারগুলি বাস্তবায়িত হলে পরিকল্পনা অনুযায়ী ২৫ বর্গ কিঃমিঃ ভূমি পুনরুদ্ধার সম্ভব হবে এবং বর্তমানে যে ৬ কিঃমিঃ স্থানে প্রতিরক্ষা কাজের পরিকল্পনা করা হয়েছে সে ৬ কিঃমিঃ এলাকায় ডেজড ম্যাটেরিয়াল ফেলা হবে। এ ৬ কিঃমিঃ দৈর্ঘ্যের জন্য নির্ধারিত সিসি ব্লকগুলো তৈরি করা হবে। স্টাডি হবার পর সিসি ব্লকগুলো প্রয়োজনবোধে গ্রোয়েনে ব্যবহার করা হবে।

প্রকল্প পরিচালক আরো জানান যে, আপাতত জিওব্যাগ ডাম্পিং দ্বারা এলাকাটি রক্ষা করা হয়েছে এবং এটি সার্বক্ষণিক তদারকিতে রাখা হবে যাতে নতুন করে আর ভাঙতে না পারে। তিনি আরও জানান, আটটি স্পারের জন্য ২৪ লক্ষ জিওব্যাগ ডিপিতে অন্তর্ভুক্ত আছে। এই ২৪ লক্ষ জিওব্যাগ থেকে ৫ লক্ষ ৮৫ হাজার জিওব্যাগ মৈনটঘাটে ডাম্পিং করলে এলাকাটি রক্ষা পাবে। তিনি জানান যে, প্রকল্পটিতে ভূমি পুনরুদ্ধার করা আমাদের মূল উদ্দেশ্য। ভূমি পুনরুদ্ধার করে ভাঙন রোধকল্পে এই কাজটি বাস্তবায়ন করা জরুরী। এতে করে নতুন কোন জিওব্যাগ সংস্থানের প্রয়োজন হচ্ছে না এবং ডিপির ব্যয়ও বৃদ্ধি পাবে না। শুধুমাত্র নতুন একটি স্থানে অস্থায়ী তীর প্রতিরক্ষামূলক কাজ করতে হবে, যা ডিপিতে অন্তর্ভুক্ত নাই। বিষয়টি তিনি অনুমোদনের জন্য অনুরোধ জানান। সভাপতি জানান, প্রস্তাবিত তীর প্রতিরক্ষা কাজটি জনস্বার্থে বাস্তবায়ন করা প্রয়োজন। প্ল্যানিং কমিশনের প্রতিনিধি জানান, এ বিষয়ে কারিগরি কমিটি গঠনপূর্বক উক্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে বিস্তারিত জানিয়ে প্ল্যানিং কমিশনে পত্র দিতে হবে। মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান এ বিষয়ে একমত পোষণ করেন।

হবে। এ প্রকল্পের ডেজিং কাজের সমীক্ষা সম্পাদনের পর সিসি ব্লক দ্বারা স্পার/প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা যাবে।



কবির বিন আনোয়ার
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩১.১৮.২৮৮

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬

০৪ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সচিব, বাস্তুবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (জনাব মোহাম্মদ জাহাঙ্গীর কবীর, মহাপরিচালক)।
- ২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: মিলিয়া শারমিন, উপসচিব}।
- ৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (উপসচিব, এনইসি-একনেক)।
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: জনাব একেএম আবুল কালাম আজাদ, উপপ্রধান, সেচ উইং)।
- ৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ৮) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯) অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ১১) প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ১২) প্রধান প্রকৌশলী (কেন্দ্রীয় অঞ্চল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ১৩) যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪) যুগ্ম-প্রধান (পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫) জনাব মোহাম্মদ সাদেক মাহমুদ, লে:কর্ণেল ও প্রকল্প পরিচালক, ২৫ ইসিবি, মিরপুর আর্মি ক্যাম্প, ব্লক ডি, মিরপুর-১২, ঢাকা-১২১৬।
- ১৬) প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ১৭) উপ-প্রধান-১, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৮) প্রকল্প পরিচালক, “ঢাকা জেলার দোহার উপজেলাধীন মাঝিরচর-নারিশাবাজার-মোকহেদপুর পর্যন্ত পদ্মা নদীর ডেজিং ও বাম তীর সংরক্ষণ” শীর্ষক প্রকল্প, ঢাকা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ১৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২০) নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ২১) সহকারী প্রধান/সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২২) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

এ এইচ এম আনোয়ার পাশা
উপসচিব